রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৩, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ৩০ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৩ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং **১৪ (মুঃ ও প্রঃ)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ৩০ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৩ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

**অধ্যাদেশ নং ১৪, ২০২৫**

**বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট আইন, ২০১৮ সংশোধনকল্পে প্রণীত**

**অধ্যাদেশ**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট আইন, ২০১৮ (২০১৮ সনের ৩৮ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন, যথা:—



মূল্য : ৪.০০

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১৮ সনের ৩৮ নং আইনের পূর্ণাঙ্গ শিরোনাম এর সংশোধন।**—বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট আইন, ২০১৮ (২০১৮ সনের ৩৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর পূর্ণাঙ্গ শিরোনামে উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট" শব্দগুলি এবং কমার পরিবর্তে "সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **২০১৮ সনের ৩৮ নং আইনের প্রস্তাবনার সংশোধন।**—উক্ত আইনের প্রস্তাবনায় উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট" শব্দগুলি এবং কমার পরিবর্তে "সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। **২০১৮ সনের ৩৮ নং আইনের ধারা ১ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১ এ উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট" শব্দগুলি এবং কমার পরিবর্তে "সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **২০১৮ সনের ৩৮ নং আইনের ধারা ২ এর সংশোধন।**—(১) উক্ত আইনের ধারা ২ এর দফা (১৮) এ উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট" শব্দগুলি এবং কমার পরিবর্তে "সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **২০১৮ সনের ৩৮ নং আইনের ধারা ৩ এর সংশোধন।**—(১) উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট" শব্দগুলি এবং কমার পরিবর্তে "সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট" শব্দগুলি এবং কমার পরিবর্তে "সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **২০১৮ সনের ৩৮ নং আইনের ধারা ১৯ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৯ এর উপ-ধারা ১ এর দফা (ঘ) এ উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিব" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশ" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৮। **২০১৮ সনের ৩৮ নং আইনের ধারা ২১ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২১ এর উপ-ধারা ১ এর দফা (ঙ) এ উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিব" শব্দগুলির পরিবর্তে "বাংলাদেশ" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৯। **২০১৮ সনের ৩৮ নং আইনের ধারা ৪২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৪২ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট" শব্দগুলি এবং কমার পরিবর্তে "সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০। **বিশেষ বিধান।**—এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ বা অন্য কোনো আইনগত দলিল বা জারীকৃত কোনো বিশেষ বা সাধারণ আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে, প্রসঙ্গের প্রয়োজন অন্যরূপ না হইলে, উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট" শব্দগুলি এবং কমার পরিবর্তে "সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

---

**ড. হাফিজ আহমেদ চৌধুরী**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd